



## উচ্চ মাধ্যমিক শ্রেণীর আইসিটি বিষয়ের সৃজনশীল প্রশ্নোত্তর নিয়ে আলোচনা

প্রকাশ কুমার দাস

বিভাগীয় প্রধান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

উচ্চ মাধ্যমিক শ্রেণীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের  
চতুর্থ অধ্যায়- ওয়েব ডিজাইন পরিচিতি ও এইচটিএমএল  
থেকে সৃজনশীল তিনটি প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করা হলো।

শিক্ষক ক্লাসে 'ওয়েব ডিজাইন পরিচিতি  
এবং এইচটিএমএল অধ্যায় পড়ানো  
শেষে সজলকে একটি ওয়েব পেজ তৈরি  
করতে বললেন, যেখানে পেজের ডান পাশে  
উপরের দিকে কলেজের মনোছাত্র থাকবে।

ক. Book mark কী? ১

খ. ওয়েব পেজে মেটা ট্যাগ কেন ব্যবহার করা  
হয়? ২

গ. সজল HTML ফাইলটি কীভাবে তৈরি  
করতে পারে ব্যাখ্যা কর। ৩

ঘ. সজলের ওয়েব পেজের মনোছাত্র ক্লিক  
করলে কলেজের ইতিহাস প্রদর্শিত হতে হলে  
আর কী ব্যবস্থা নিতে হবে তা বিশ্লেষণ কর। ৪

১নং প্রশ্নের উত্তর (ক)

Book mark হচ্ছে একটি web page লিস্ট,  
যেখান থেকে কোনো ওয়েব পেজের নাম সিলেক্ট  
করে সরাসরি সেই ওয়েব পেজে যাওয়া যায়।

১নং প্রশ্নের উত্তর (খ)

ওয়েব পেজে মেটা ট্যাগ ব্যবহার করা হয়  
ডকুমেন্ট সম্পর্কিত তথ্য যুক্ত করার জন্য।  
সাধারণত ওয়েব পেজটি কে তৈরি করেছেন, তার  
প্রতিষ্ঠানের ঠিকানা (ফোন নম্বরসহ), পরিচয়,  
অন্যান্য সংশ্লিষ্ট তথ্য এবং বিষয়বস্তুসহ যাবতীয়  
তথ্য এখানে উল্লেখ থাকে।

১নং প্রশ্নের উত্তর (গ)

সজল HTML ফাইল বা প্যারাগ্রাফটি  
নিম্নলিখিতভাবে তৈরি করল। সে HTML-এ  
প্যারাগ্রাফ তৈরির জন্য <p> ট্যাগ ব্যবহার  
করেছে। যেমন-

```
<p> Information and Communication  
Technology </p>
```

ব্রাউজারের মাধ্যমে প্রতিটি প্যারাগ্রাফ  
প্রদর্শনের জন্য প্রতিটি প্যারাগ্রাফের পর একটি  
করে লাইন ব্রেক তৈরি হয়। প্যারাগ্রাফের মধ্যে  
লাইন ব্রেক দেয়ার জন্য লাইনের শেষে <br/>  
ট্যাগ ব্যবহার করা হয়।

```
<html>  
<head>  
</head>  
<body>
```

```
<p> Information and communication  
Technology </p>  
<p> Information and communication  
Technology </p>  
Information and communication  
Technology <br/>  
Information and communication  
Technology <br/>  
</body>  
</html>
```

১নং প্রশ্নের উত্তর (ঘ)

সজলের ওয়েব পেজের মনোছাত্র ক্লিক  
করলে কলেজের ইতিহাস প্রদর্শিত হবে। এ  
কাজটি করার জন্য নিম্নলিখিত পদক্ষেপ নিতে  
হবে।

নিচের কোডটি Notepad-এ যেমন (Test-1)  
লিখে সংরক্ষণ করতে হবে।

```
<html>  
<head>  
</head>  
<body>  
<a href = "http: //www.mpsc.  
edu.bd/">  
<img src = "monogram. png" width =  
"100" height = "100"/> </a> <br/>  
</body>  
</html>
```

এখন Test-1. html ফাইলটি ডাবল ক্লিক  
করলে মনোছাত্র দেখা যাবে। এখন ইন্টারনেট  
সংযোগ থাকা অবস্থায় মনোছাত্র ক্লিক করলে  
http://www.mpsc.edu.bd ঠিকানায় কলেজের  
ইতিহাস প্রদর্শিত হবে।

০২. তফসির সাহেব একটি সুপার শপের  
মালিক। তিনি ওয়েবসাইটের মাধ্যমে  
কাস্টমারদের কাছ থেকে অর্ডার নেন এবং তাদের  
কাছে পণ্য পৌঁছে দেন। তফসির সাহেব  
ওয়েবসাইটটিকে একটু নতুন আঙ্গিকে সাজাতে  
চান, যাতে করে প্রতিটি product টাইপের  
অধীনে product লিস্টগুলো দেখা যায় এবং  
product নেমটি হেডিং আকারে ওয়েব পেজে  
উপস্থাপিত হয়।

ক. এম্পটি ট্যাগ কী? ১

খ. ক্লায়েন্ট কমপিউটার কীভাবে কাজ করে? ২

গ. উদ্দীপকে product নেমকে হেডিং আকারে  
উপস্থাপন করতে হলে কী করতে হবে ব্যাখ্যা  
কর। ৩

ঘ. উদ্দীপকে productগুলোকে লিস্ট আকারে  
সাজাতে হলে কী করতে হবে বলে তুমি মনে  
কর? ৪

২নং প্রশ্নের উত্তর (ক)

যেসব ট্যাগের ওপেনিং বা শুরু আছে কিন্তু  
ট্যাগের বিষয়বস্তু ও ক্লোজিং বা শেষ থাকে না  
তাই এম্পটি ট্যাগ।

২নং প্রশ্নের উত্তর (খ)

যে কমপিউটার থেকে আমরা ওয়েব পেজ  
ব্রাউজ করি তাই ক্লায়েন্ট কমপিউটার। ক্লায়েন্ট  
কমপিউটারের দুটি মূল অংশ রয়েছে। প্রথমত,  
এই মেশিনের সাথে অবশ্যই ইন্টারনেট সংযোগ  
থাকতে হবে। দ্বিতীয়ত, এই মেশিনের ওয়েব  
ব্রাউজার রান করার ক্ষমতা থাকতে হবে।  
ইন্টারনেটের সাথে এই সংযোগ হয় ডায়াল আপ  
ফোনের সাহায্যে। মডেমের মাধ্যমেও হতে  
পারে।

২নং প্রশ্নের উত্তর (গ)

তফসির সাহেব তার সুপার শপের  
ওয়েবসাইটটিতে বিভিন্ন ধরনের product-এর  
তথ্য রাখতে চান। যদি product typeগুলোকে  
হেডিং আকারে দেখানো যায়, তবে একজন  
কাস্টমারের দৃষ্টি খুব সহজেই productগুলোর  
ওপর পড়বে। product নেমকে হেডিং আকারে  
উপস্থাপন করতে চাইলে html কোডে heading  
tag-এর ব্যবহার করতে হবে। ধরি, একটি  
product type হলো SOAP। এর under-এ  
অনেক ধরনের soap থাকতে পারে। কিন্তু যদি  
soap-কে heading আকারে দেখাতে হয়, তবে  
Html-এ নিচের কোডটি লিখতে হবে।

```
<html>  
<head>  
<title> ..... </title>  
</head>  
<body>  
<h1> SOAP </h1>  
</body>  
</html>
```

২নং প্রশ্নের উত্তর (ঘ)

প্রতিটি product-এর অধীনে উক্ত product-  
এর লিস্টগুলো দেখাতে হলে html-এ নিচের  
কোডটি অবশ্যই লিখতে হবে।

```
<html>  
<head>  
<title> ..... </title>  
</head>  
<body>  
<h1> SOAP Name List </h1>  
<ol  
type="1">  
<li> Lux </li>  
<li> Meril </li>  
<li> Cosco </li>  
</ol>  
</body>  
</html>
```

ol মানে ordered list। কোনো তথ্য ১, ২,  
৩ এরূপ নম্বরযুক্ত করতে ol বসে। ol = '1' মানে  
ol type ঘোষণা করা। অর্থাৎ নম্বরগুলো কোন  
ধরনের হবে তাই উল্লেখ করা। ol = 1 মানে ১,  
২, ৩ এমন হবে। li হলো list। এই ট্যাগটি  
ধারাবাহিকতা রক্ষা করার জন্য ব্যবহার করা হয়।  
যেমন- প্রথমে যদি আরেকটি soap name  
Aeromatic বসতো তবে <li> Aeromatic  
এভাবে লিখতে হবে।